

একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কানাইঘাট, সিলেট।
www.kanaighat.sylhet.gov.bd

১৪২৭ বাংলা সনের জন্য কানাইঘাট উপজেলার হাট-বাজার সমূহের ইজারা প্রদানের দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কানাইঘাট উপজেলার নিম্নবর্ণিত হাট-বাজারসমূহ ১৪২৭ বাংলা সনের (১লা বৈশাখ থেকে ৩০শে চৈত্র পর্যন্ত) জন্য ইজারা প্রদানের নিমিত্ত নিম্নলিখিত সিডিউল ও শর্তাবলী অনুসারে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

০১। সিডিউল প্রাপ্তির স্থানঃ

- (ক) জেলা প্রশাসকের কার্যালয় (স্থানীয় সরকার শাখা) সিলেট
(খ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কানাইঘাট, সিলেট।
(গ) সহকারী কমিশনার (ভূমি) কানাইঘাট, সিলেট।
(ঘ) সোনালী ব্যাংক, কানাইঘাট শাখা, কানাইঘাট।

০২। দরপত্র দাখিলের স্থানঃ

- (ক) জেলা প্রশাসকের কার্যালয় (স্থানীয় সরকার শাখা) সিলেট
(খ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কানাইঘাট, সিলেট
(গ) সহকারী কমিশনার (ভূমি) কানাইঘাট, সিলেট।

দরপত্র ক্রয়, দাখিল ও খোলার সময়সূচী নিম্নরূপ :

পর্যায়	দরপত্র ক্রয়ের সর্বশেষ তারিখ ও সময়	দরপত্র দাখিলের তারিখ ও সময়	দরপত্র খোলার তারিখ ও সময়	মন্তব্য
১ম পর্যায়	০৩/০৩/২০২০ খ্রিঃ ১৯/১১/১৪২৬ বাংলা অফিস চলাকালীন সময় পর্যন্ত	০৪/০৩/২০২০ খ্রিঃ ২০/১১/১৪২৬ বাংলা বিকাল ১.০০ ঘটিকা	০৪/০৩/২০২০ খ্রিঃ ২০/১১/১৪২৬ বাংলা বিকাল ০৩.০০ ঘটিকা	
২য় পর্যায়	১১/০৩/২০২০ খ্রিঃ ২৭/১১/১৪২৬ বাংলা অফিস চলাকালীন সময় পর্যন্ত	১২/০৩/২০২০ খ্রিঃ ২৮/১১/১৪২৬ বাংলা বিকাল ১.০০ ঘটিকা	১২/০৩/২০২০ খ্রিঃ ২৮/১১/১৪২৬ বাংলা বিকাল ০৩.০০ ঘটিকা	১ম পর্যায় ইজারাকৃত হাট-বাজারের ক্ষেত্রে প্রযোজ্য নয়
৩য় পর্যায়	১৮/০৩/২০২০ খ্রিঃ ০৪/১২/১৪২৬ বাংলা অফিস চলাকালীন সময় পর্যন্ত	১৯/০৩/২০২০ খ্রিঃ ০৫/১২/১৪২৬ বাংলা বিকাল ১.০০ ঘটিকা	১৯/০৩/২০২০ খ্রিঃ ০৫/১২/১৪২৬ বাংলা বিকাল ০৩.০০ ঘটিকা	১ম ও ২য় পর্যায় ইজারাকৃত হাট-বাজারের ক্ষেত্রে প্রযোজ্য নয়
৪র্থ পর্যায়	২৯/০৩/২০২০ খ্রিঃ ১৫/১২/১৪২৬ বাংলা অফিস চলাকালীন সময় পর্যন্ত	৩০/০৩/২০২০ খ্রিঃ ১৬/১২/১৪২৬ বাংলা বিকাল ১.০০ ঘটিকা	৩০/০৩/২০২০ খ্রিঃ ১৬/১২/১৪২৬ বাংলা বিকাল ০৩.০০ ঘটিকা	১ম, ২য় ও ৩য় পর্যায় ইজারাকৃত হাট-বাজারের ক্ষেত্রে প্রযোজ্য নয়
৫ম পর্যায়	০৫/০৪/২০২০ খ্রিঃ ২২/১২/১৪২৬ বাংলা অফিস চলাকালীন সময় পর্যন্ত	০৬/০৪/২০২০ খ্রিঃ ২৩/১২/১৪২৬ বাংলা বিকাল ১.০০ ঘটিকা	০৬/০৪/২০২০ খ্রিঃ ২৩/১২/১৪২৬ বাংলা বিকাল ০৩.০০ ঘটিকা	১ম, ২য়, ৩য় ও ৪র্থ পর্যায় ইজারাকৃত হাট-বাজারের ক্ষেত্রে প্রযোজ্য নয়

হাটবাজারের তালিকা :

ক্রমিক	ইউনিয়ন	বাজারের নাম	ইজারা মূল্য	সিডিউল মূল্য	মন্তব্য
১	২	৩	৪	৫	৬
১	লক্ষীপ্রসাদ পূর্ব	মমতাজগঞ্জ বাজার	৫৪১৫৫৪	১৮০০	
২	লক্ষীপ্রসাদ পূর্ব	মুলাগুল বাজার	৯২২	৫০০	
৩	লক্ষীপ্রসাদ পূর্ব	ডনা বাজার	২৯৯৯৮	৫০০	
৪	লক্ষীপ্রসাদ পূর্ব	নয়াবাজার	২৫৬৮১	৫০০	
৫	লক্ষীপ্রসাদ পূর্ব	আন্দুরমুখ বাজার	৬২৫৪০	৫০০	
৬	লক্ষীপ্রসাদ পশ্চিম	সুরইঘাট বাজার	৫৪১৬৬৪	১৮০০	
৭	লক্ষীপ্রসাদ পশ্চিম	বড়বন্দ বাজার	২৪৯১০	৫০০	
৮	সাতবীক	ভবানীগঞ্জ বাজার	১৫১৪০৩	১০০০	
৯	সাতবীক	বাংলা বাজার	১১৬৬	৫০০	
১০	বড়চতুল	চতুল বাজার	৬০৭৩৮৪	২০০০	
১১	বড়চতুল	মালীগাম বাজার	১৬৯৬	৫০০	
১২	কানাইঘাট	হীরদল বাজার	৪৩১০৭	৫০০	
১৩	কানাইঘাট	উমরগঞ্জ বাজার	২৮২৭	৫০০	
১৪	দক্ষিণ বাণীগাম	বড়দেশ বাজার	৫৮২৪	৫০০	
১৫	দক্ষিণ বাণীগাম	মানিকগঞ্জ বাজার	৫১৯৪	৫০০	
১৬	দক্ষিণ বাণীগাম+ঝিঁঝাবাড়ী	গাছবাড়ী বাজার	৯৫৮৫৯৩	২৬০০	
১৭	ঝিঁঝাবাড়ী	সীমার বাজার			মামলাধীন
১৮	ঝিঁঝাবাড়ী	মুকিগঞ্জ বাজার	১১৬৬০	৫০০	
১৯	রাজাগঞ্জ	রাজাগঞ্জ বাজার	৫৩৭৪২	৫০০	
২০	রাজাগঞ্জ	তালবাড়ী বাজার	১১৩৯৫	৫০০	

১৪২৭ বাংলা সনের হাটবাজার ইজারার শর্তাবলী :

- ০১। বাংলা ১৪২৭ সনের ১লা বৈশাখ হতে ৩০ টেত্র পর্যন্ত ১(এক) বৎসর মেয়াদকালের জন্য হাট-বাজার ইজারা দেয়া হবে।
- ০২। দরপত্র দাতাকে দরপত্রে উল্লিখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসাবে যে কোন ডফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, কানাইঘাট এর অনুকূলে জমা দিতে হবে। অন্যথায় দরপত্র বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২.৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিষ্কার না করলে বা অন্য কোন ক্ষতিসাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবরে প্রত্যাপন করা হবে।
- ০৩। যার দরপত্র গৃহীত হবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ৭(সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের ৭৫% (পঁচাত্তর ভাগ) অর্থ, মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ৫% আয়কর এবং ১.৫% ড্যাট অবশ্যই একই সঙ্গে পরিশোধ করতে হবে অন্যথায় বাজারের জন্য জমাদানকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।
- ০৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারি মূল্যের কম হয় তা হলে পুনরায় দরপত্র আহবান করা হবে।
- ০৫। এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক বাজারের জন্য দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহবানকৃত হাট-বাজারের দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না।
- ০৬। সীলমোহরকৃত খামের উপর দরপত্রদাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।
- ০৭। সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজার দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করবেন।
- ০৮। প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্র দাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।
- ০৯। ইজারাদার কোন ক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লিজ দিতে পারবেন না।
- ১০। ইজারার সমস্ত অর্থ (ড্যাট, আয়করসহ) পরিশোধের ৩(তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/- নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক চুক্তি সম্পাদন করতে হবে।
- ১১। দুই বা ততোধিক দরপত্রদাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।
- ১২। ইজারাদার নিজ খরচে বাজার পরিষ্কার পরিচ্ছন্ন রাখবেন।
- ১৩। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করবেন।
- ১৪। কোন প্রকার ঘসা-মাছা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।
- ১৫। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী জমাকৃত অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।
- ১৬। হাট-বাজারের ইজারার টাকা সরকারী দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।
- ১৭। চুক্তিপত্রের যে কোন শর্ত লংঘন করা হলে ইজারা বাতিল করা যাবে।
- ১৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।
- ১৯। ইজারা গৃহীতাকে সরকার কর্তৃক সময়ে সময়ে জারীকৃত বিধিবিধান প্রতিপালন করতে হবে।

মোহাম্মদ বারিউল করিম খান
উপজেলা নির্বাহী অফিসার
কানাইঘাট, সিলেট

তারিখ : ১২-০২-২০২০

স্মারক নং ০৫.৬০.৯১৫৯.০০০.০৩.০১৮.১৮. ২০২ (৩০০)

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো

০১। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। জেলা প্রশাসক, সিলেট

০৩। পুলিশ সুপার, সিলেট

০৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট

০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কানাইঘাট, সিলেট

০৬। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা (সকল), সিলেট

০৭। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কানাইঘাট, সিলেট

০৮। মেয়র, কানাইঘাট পৌরসভা, কানাইঘাট, সিলেট

অনুলিপি অবগতি ও কার্যার্থে :

০১। সহকারী কমিশনার (ভূমি) কানাইঘাট, এ সংশ্লিষ্ট ১৫টি সিডিউল ফরম বিক্রয়ের জন্য প্রেরণ করা হল এবং বিজ্ঞপ্তিটি বহল প্রচারের জন্যও অনুরোধ করা হল

০২। অফিসার ইন-চার্জ, কানাইঘাট থানা। এ সংশ্লিষ্ট ১০টি সিডিউল ফরম বিক্রয়ের জন্য প্রেরণ করা হল এবং বিজ্ঞপ্তিটি বহল প্রচারের জন্যও অনুরোধ করা হল

০৩। উপজেলা অফিসার (সকল) কানাইঘাট, সিলেট। অবগতি ও বহল প্রচারের জন্য

০৪। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, কানাইঘাট শাখা, এ সংশ্লিষ্ট ১০টি সিডিউল ফরম বিক্রয়ের জন্য প্রেরণ করা হল এবং বিজ্ঞপ্তিটি বহল প্রচারের জন্যও অনুরোধ করা হল

০৫। চেয়ারম্যান. ইউ.পি (সকল), কানাইঘাট, সিলেট। তাকে বিজ্ঞপ্তিটি তাঁর ইউপির অন্তর্গত হাট-বাজারে মাইকযোগে ও টোল শহরতের মাধ্যমে

বহল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল

০৬। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ইউনিয়ন ভূমি অফিস (সকল), কানাইঘাট, সিলেট। তাকে বিজ্ঞপ্তিটি তাঁর ইউপির অন্তর্গত হাট-বাজারে

মাইকযোগে ও টোল শহরতের মাধ্যমে বহল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল

০৭। কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, কানাইঘাট উপজেলা কমান্ড

০৮। সভাপতি/সম্পাদক, বাজার কমিটি (সকল), কানাইঘাট, সিলেট। অবগতি ও বহল প্রচারের জন্য

০৯। জনাব ইজারাদার, কানাইঘাট, সিলেট

১০। সম্পাদক, দৈনিক পত্রিকা, সিলেট। বিজ্ঞপ্তিটি তাঁর পত্রিকার ভিতরের পাতায় আগামী ১৯ ফেব্রুয়ারি ২০২০ তারিখে ৪ কলামে ১৫

ইঞ্চি পরিমাণে স্বল্প পরিসরে ১ (এক) দিনের জন্য প্রকাশ পূর্বক প্রকাশিত পত্রিকার কপি অগ্রাফিসে প্রেরণের জন্য অনুরোধ করা হল।

উপজেলা নির্বাহী অফিসার
কানাইঘাট, সিলেট